

ভূমি উন্নয়ন কর কেন পরিশোধ করবেন?

১

দলিল দ্বারা মালিকানা অর্জিত হয়। কিন্তু দলিল থাকলেই ভূমি উন্নয়ন কর দেয়া যায় না বিধায় দলিলমূলে নামজারি করে ও খতিয়ানসূত্রে হোল্ডিং তৈরি করে ভূমি উন্নয়ন কর দেয়া যায়।

২

ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এর ৬(৩) ধারা অনুযায়ী, কোনো ব্যক্তির নামে বলবৎ সর্বশেষ খতিয়ান না থাকলে এবং হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা প্রদর্শনে ব্যর্থ হলে, তিনি উক্ত ভূমি বিক্রয়, দান, হেবা বা অন্য কোনোভাবে হস্তান্তর, পাওয়ার অব অ্যাটর্নি সম্পাদন বা দলিল রেজিস্ট্রেশন করতে পারবেন না। অর্থাৎ মিউটেশনের মাধ্যমে রেকর্ড হালনাগাদ করা না হলে এবং ভূমি উন্নয়ন কর পরিশোধের হাল দাখিলা না থাকলে জমি কেনা বেচা বা হস্তান্তর করা যায় না।

৩

যদি কেউ ভূমি উন্নয়ন কর না দেন তাহলে দুষ্ট লোকেরা ধরে নিতে পারে যে, তিনি মালিক নন এবং আপনার জমি নিয়ে কারসাজি করার চেষ্টা করতে পারে।

৪

হস্তান্তর দলিলমূলে বা ওয়ারিশসূত্রে জমি অর্জিত হলে মিউটেশনের মাধ্যমে রেকর্ড হালনাগাদ না করলে এবং ভূমি উন্নয়ন কর পরিশোধের হাল দাখিলা না থাকলে জমি বন্ধক রেখে ব্যাংক বা কোন আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ পাওয়া যায় না।

৫

রেকর্ড হালনাগাদ করা না থাকলে এবং ভূমি উন্নয়ন করের পরিশোধের হাল দাখিলা না থাকলে উক্ত জমিতে ভবন নির্মাণের জন্য কোন প্ল্যান পাস করা যায় না।

৬

ক্রমাগত তিন বছর ভূমি উন্নয়ন কর প্রদান না করলে সার্টিফিকেট মামলা হতে পারে, জমি নিলামে উঠতে পারে এবং খাস হতে পারে। সর্বোপরি মালিকের নামে ভূমি উন্নয়ন কর পরিশোধের হাল দাখিলা না থাকলে পূর্বের মালিকের দ্বারা একই জমি পুনরায় বিক্রয় করার অঘটন ঘটতে পারে।

নিয়মিত ভূমি উন্নয়ন কর প্রদান করি
নিজের জমি সুরক্ষিত রাখি



ভূমি মন্ত্রণালয়
জনবান্ধব ডিজিটালাইজড ভূমিসেবায় স্বাগতম



ভূমি বিষয়ক যেকোনো পরামর্শ পেতে লিখুন
f facebook.com/land.gov.bd
পৃথিবীর যেকোনো গ্রাভ থেকে ভূমি বিষয়ক সেবা পেতে
কল করুন +৮৮ ০৯৬১২৩ ১৬১২২

ভূমি উন্নয়ন কর প্রদান (ফ্লো-ডায়াগ্রাম)

